

তারিখ... 04 FEB 1990 ...

পৃষ্ঠা... ৮ ... কলাম... ৮ ...

# দৈনিক ইত্তেফাক

## ৬

২৩

### বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ পরিবর্তনের চেষ্টা শিক্ষক সমাজ প্রতিহত করিবে

ঢাকা: বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি ডঃ ইয়াজউদ্দিন আহমদ এবং সাধারণ সম্পাদক ডঃ এম এ নাস্তান এক বিবৃতিতে বলেন, গত ২৮-৩-২৯শে জানুয়ারী জাতীয় সংসদে প্রধানমন্ত্রী এবং শিক্ষামন্ত্রী বিশ্ব-বিদ্যালয় অধ্যাদেশ ও সামগ্রিকভাবে বিশ্ববিদ্যালয় সম্পর্কে যে সব উক্তি (পৃঃ ৫৯: ডঃ)

### বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ (১ম পৃঃ পর)

করিয়াছেন তাহাতে তাঁহারা বিস্মিত ও মর্মান্বিত। বিশ্ববিদ্যালয় অধ্যাদেশের সাথে সন্ত্রাসের সম্পর্ক রহিয়াছে বলিয়া প্রধানমন্ত্রী যে উক্তি করিয়াছেন উহা উদ্দেশ্যমূলক ও জাতিকে বাস্তব ধারণা প্রদানের নামান্তর। অধ্যাদেশ বা কোন আইনের ছত্রছায়ায় কখনও সন্ত্রাস হয় না। বরং সরকারের মদদপুষ্ট হইয়াই দুষ্কৃতকারীরা বিশ্ববিদ্যালয়ে অরাজকতা সৃষ্টি করে। সরকার আন্তরিক হইলে বিশ্ববিদ্যালয় এলাকায় সন্ত্রাস ও নৈরাজ্য সৃষ্টির যেকোন চেষ্টা প্রতিরোধ করা সম্ভব। তাঁহারা বলেন, একতরফাভাবে বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ পরিবর্তন করিয়া হীন স্বার্থ চরিতার্থের উদ্দেশ্যে কালাকানুন চাপাইয়া দিয়া বিশ্ববিদ্যালয়সমূহকে সরকারী বিভাগে পরিণত করার ষড়যন্ত্র চলিতেছে। বিশ্ববিদ্যালয় অধ্যাদেশে মনগড়া পরিবর্তন আনয়নের লক্ষ্যে অজুহাত সৃষ্টি করার জন্যই বিশ্ববিদ্যালয়ের উপর সরকারী মহলের অবাঞ্ছিত বক্তব্য-বিবৃতির হামলা চলিতেছে। তাঁহারা বলেন, বর্তমান সংসদের মাধ্যমে বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ পরিবর্তনের যেকোন চেষ্টা শিক্ষক সমাজ প্রতিহত করিবে।